

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১১ এর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

(ক) স্বল্প মেয়াদী

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩
	মোংলা বন্দরের নিকট ভূমি উন্নয়ন কর বাবদ সরকারের পাওনা ৫ কোটি টাকা আদায়ের জন্য মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করা হলে মন্ত্রণালয় আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে।	মোট ১০টি এল, এ কেসের মাধ্যমে মোংলা উপজেলার বিদ্যারবাওন দিগরাজ, গলাচিপা দিগরাজ, ভাটেরাবাদ বুড়িরডাঙ্গা ও কামার ডাঙ্গা মৌজায় অধিগ্রহণকৃত ২০৬৮.৮৩ একর ভূমির মধ্যে ১৪৭৯.৭১ একর ভূমি বর্তমানে মবক এর ব্যবহারে/দখলে আছে। বর্ণিত জমির বকেয়াসহ ১৪২২ সালের ভূমি উন্নয়ন কর বাবদ মোট ৪,৩৭,৯২,৬১২/- টাকা সহকারী কমিশনার (ভূমি), মোংলা, বাগেরহাট কর্তৃক ০২/১১/২০১৫ ইং তারিখে দাবি করা হয়। উক্ত দাবির প্রেক্ষিতে গত ২৯/০২/২০১৬ তারিখে মোট ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা পরিশোধ করা হয়েছে। মবক এর অনুকূলে অধিগ্রহণকৃত জমির একর প্রতি বাণিজ্যিক হারে কর নির্ধারণের পরিবর্তে ব্যবহার ভিত্তিক কর নির্ধারণের বিষয়ে ০৪/১০/২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে পুনঃপ্রস্তাব প্রেরণ করা হয়েছে।  ব্যবহার ভিত্তিক শ্রেণি বিন্যাস অনুযায়ী ভূমি উন্নয়ন কর পুন নির্ধারণের লক্ষ্যে মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী স্কেচ ম্যাপ তৈরী করা হয়েছে। তৈরীকৃত স্কেচম্যাপসহ মন্ত্রণালয়ে প্রেরিতব্য খসড়া অনুমোদনের জন্য পেশ করা হলে শ্রেণীভিত্তিক ব্যবহৃত জমির সংশোধিত বিল প্রেরণের জন্য নির্দেশমতে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা মোংলাকে অনুরোধ জানানো হয়েছে। চাহিত তথ্যাদি না পাওয়ার পত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) মধ্যমেয়াদী

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	সিদ্ধান্ত বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি
১।	পশুর নদী ডেজিং এর জন্য গৃহীত প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।	মোংলা বন্দর কর্তৃপক্ষ।	<b>পশুর নদীর নাব্যতা বৃদ্ধির জন্য ডেজিং কার্যক্রমঃ</b> <ul style="list-style-type: none"> <li>মোংলা বন্দর চ্যানেলে ২০০৯ সাল হতে ৩৯.২৪ লক্ষ ঘনমিটার ডেজিং করা হয়েছে।</li> <li>আউটার বার ও জয়মনিরগোল এলাকায় এবং মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত প্রায় ১৫৬.১২ লক্ষ ঘনমিটার ডেজিং কাজের জন্য ০৩টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ইতোমধ্যে প্রায় ১৯ লক্ষ ঘনমিটার ডেজিং করা হয়েছে।</li> <li>নিজ অর্থায়নে জেটি সম্মুখে ৩.৬০ লক্ষ ঘনমিটার এবং হিরনপয়েন্ট এর নীলকমল খালে ১.৯০ লক্ষ ঘনমিটার ডেজিং কাজ করা হয়েছে।</li> </ul>

স্বাক্ষরিত/ ০৩-০২-১৯  
পরিচালক (প্রশাসন)